

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
বিচার শাখা- ৬  
সরকারি পরিবহন পুল ভবন  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং-আর-এম-১৮/২০০১-১৪২

তারিখঃ ২৯-০৪-২০০৯ খ্রিঃ

১। সরকার জেলা রেজিস্ট্রারগণের বদলী সংক্রান্ত বিষয়ে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করিল, যথাঃ-

- সারাদেশে ৬১টি জেলা রেজিস্ট্রী অফিসকে "এ", "বি" ও "সি" এই ৩(তিন) টি শ্রেণীতে বিভক্ত করা হইবে। বিভাগীয় জেলা সমূহ এবং ৯ হইতে তদুর্ধ্ব সংখ্যক উপজেলা সমন্বয়ে গঠিত জেলা "এ" শ্রেণীর, ৫ হইতে ৮টি উপজেলা সমন্বয়ে গঠিত জেলা "বি" শ্রেণীর এবং অন্যান্য জেলা "সি" শ্রেণীর জেলা রেজিস্ট্রী অফিস হিসাবে বিবেচিত হইবে। উক্তরূপ বিভক্ত শ্রেণী (এ,বি,সি) জেলা রেজিস্ট্রী অফিসসমূহের ক্ষেত্রে এই নীতিমালা প্রযোজ্য হইবে;
- জেলা রেজিস্ট্রার গণ সাধারণতঃ "এ", "বি" ও "সি" শ্রেণীর অফিসে ৩(তিন) বৎসর কর্মরত থাকিবেন। তবে কর্তৃপক্ষ জনস্বার্থে এই মেয়াদের পূর্বেও তাহাদেরকে অন্যত্র বদলী করিতে পারিবে;
- কোন জেলা রেজিস্ট্রী অফিসে একবার পদায়ন পাইয়া যেকোনো মেয়াদকাল চাকুরী করিলে দ্বিতীয়বার তাঁহাকে আর উক্ত অফিসে পদায়ন করা যাইবে না। তবে অবসর গ্রহণ আসন্ন হইলে সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রারের আবেদনের (অবসরের ৬ মাসের পূর্বে নহে) প্রেক্ষিতে তাঁহাকে নিজ জেলায় বা পার্শ্ববর্তী জেলায় বদলীর ক্ষেত্রে এই শর্ত শিথিল করা যাইবে।
- কোন জেলা রেজিস্ট্রার একবার ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, গাজীপুর, নারায়ণগঞ্জ জেলা রেজিস্ট্রী অফিসে পদায়ন পাইয়া যেকোন মেয়াদকাল কাজ করিলে পরবর্তী ৩(তিন) বৎসরের মধ্যে তাঁহাকে উল্লিখিত জেলার জেলা রেজিস্ট্রার হিসেবে পদায়ন করা যাইবে না।
- কোন শ্রেণীর অফিসের সংখ্যার তুলনায় উক্ত শ্রেণীর জন্য উপযুক্ত জেলা রেজিস্ট্রারের সংখ্যা কম অথবা বেশি হইলে জ্যেষ্ঠতার বিষয়টি বিবেচনায় রাখিয়া উপরের অথবা নিচের শ্রেণীর অফিসে পদায়ন করা যাইবে;
- (চ) কোন জেলা রেজিস্ট্রারের কার্যক্রম অসন্তোষজনক হইলে কর্তৃপক্ষ তাঁহাকে গুরুত্বপূর্ণ অফিসে অযোগ্য বিবেচনায় জনস্বার্থে নিম্নশ্রেণীভুক্ত অফিসে বদলী করিতে পারিবেন। তবে অনুরূপ ক্ষেত্রে তাঁহার অসন্তোষজনক কার্যকলাপ সম্পর্কে যুক্তিসঙ্গত কারণ থাকিতে হইবে;
- উল্লিখিত ("এ" বা "সি") শ্রেণীর জেলায় জেলা রেজিস্ট্রার এর পদ শূন্য হইলে জ্যেষ্ঠতার ভিত্তিতে কর্মরত জেলা রেজিস্ট্রারদের উক্ত পদে পদায়নের পর নবনিয়োগ/পদোন্নতিপ্রাপ্ত জেলা রেজিস্ট্রারগণকে নিচের ("বি" বা "সি") শ্রেণীর জেলায় পদায়ন করা যাইবে এবং এইরূপ সমন্বয় সাধনের ক্ষেত্রে কর্মরত জেলা রেজিস্ট্রারগণের কার্যকালের মেয়াদ শিথিলযোগ্য হইবে।

- কোন জেলা রেজিস্ট্রারের স্বামী/স্ত্রীর কর্মস্থল বা ইহার নিকটবর্তী স্থানে নিয়োগ/বদলীর বিষয় বিবেচনার ক্ষেত্রে কর্তৃপক্ষ উপরোল্লিখিত বিধানাবলী শিথিল করিতে পারিবেন।

২। জেলা রেজিস্ট্রারগণের বদলী সংক্রান্ত বিদ্যমান সকল আদেশ, নির্দেশ, পরিপত্র, প্রজ্ঞাপন বা অন্য কোন শ্রেণীর ইন্সট্রুমেন্ট এতদ্বারা বাতিল করা হইল।

৩। এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
স্বাক্ষরিত  
(কাজী হাবিবুল আউয়াল)  
সচিব  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।